

০৫ নং ভান্ডারবাড়ী ইউনিয়ন পরিষদ

ধুনট, বগুড়া।






স্যানিটেশন, পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কমিটির সভার কার্য বিবরণী

স্থান : স্থান ইউপি কার্যালয়

সময় : ১০.০০

তারিখ : ০৮/০৬/২০২১

সন : ২০২১

ক্র: নং	নাম	কমিটিতে পদবী	পরিচিতি	স্বাক্ষর
০১	মোঃ শহিদুল ইসলাম	সভাপতি	ইউ.পি সদস্য	
০২	মোঃ আসাদুল	সদস্য	শিক্ষক	
০৩	মোঃ সোহেল	সদস্য	ডাক্তার	
০৪	মোঃ ইলিয়াছ	সদস্য	সমাজসেবক	
০৫	মোছাঃ রুমি খাতুন	সদস্য সচিব	গণ্যমান্য	

আলোচ্য বিষয়ঃ

১। গত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।

২। স্যানিটেশন, পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

৩। বিবিধ

অধ্যকার সভা সভাপতি জনাব মোঃ নজরুল ইসলাম সাহেবের সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হইল।

০১ নং বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনঃ

অধ্যকার সভায় গত সভার কার্য বিবরণী পাঠ করিয়া তাতে গুণানি দেওয়া হয় এবং তাতে কোন প্রকার সংযোজন ও বিয়োজন না থাকায় তাহা সর্ব সম্মতিতে অনুমোদন দেওয়া হয়।

০২ নং বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনঃ

অধ্যকার সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন যে, বর্তমান অর্থ বছরে বেশ কিছু পরিবারকে পায়না প্রদান করতে হবে। যাদের স্বাস্থ্যসম্মত পায়খানা নেই। নিয়মিত টিউবওয়েল এর আর্সেনিক পরীক্ষার জন্য সংশ্লিষ্ট বিভাগের সহায়তা গ্রহণ করতে হবে। স্বাস্থ্য সম্মত পায়খানা তৈরী ও সরবরাহ বিষয়ে সরকারি বেসরকারী সংস্থার মধ্যে সমন্বয়সাধন। প্রতিটি গ্রামের প্রতিটি পরিবারের উচিত স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার করা। তিনি আরও বলেন যে, প্রতিটি গ্রামে জরিপ করা দরকার যাতে করে সঠিক কতজন পরিবারের মাঝে স্বাস্থ্য সম্মত পায়না নাই। যাদের পায়খানা নাই তাদের বাড়িতে পায়খানার ব্যবস্থা করতে হবে। স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার করলে রোগবালাই হবে না। সবার জন্য স্বাস্থ্য ও স্যানিটেশন সংক্রান্ত জাতীয় কার্যক্রমে ইউনিয়ন পরিষদকে সহযোগিতা প্রদান। এলাকায় চাহিদা অনুযায়ী পানির উৎস স্থাপন ও নলকূপ স্থাপনের প্রকল্প পরিকল্পনা তৈরী ও বাস্তবায়নে ইউনিয়ন পরিষদকে সহায়তা প্রদান। বিস্তৃত পানি ও স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে এলাকার জনগণকে উদ্বুদ্ধ করা। আর্সেনিক দূষণ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি ও আর্সেনিক মুক্ত পানীয় জলের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের সহায়তা গ্রহণ। এলাকাবাসীর মাঝে স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহারের জন্য ব্যাপক গণসচেতনতা সৃষ্টি। নিরাপদ পানি প্রাপ্তি ও স্বল্প খরচে স্বাস্থ্য সম্মত পায়খানা নির্মাণে জনগণকে সহায়তা করা।

৩। বিবিধ

অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়া সভার কাজ সমাপ্ত করেন।



মোঃ শহিদুল ইসলাম

সভাপতি

স্যানিটেশন, পানি সরবরাহ ও

পয়ঃনিষ্কাশন

ভান্ডারবাড়ী ইউপি, ধুনট, বগুড়া।